



২০২৭ সালের এসএসসি পরীক্ষা নিয়ে নতুন সিদ্ধান্ত আসতে পারে: শিক্ষামন্ত্রী



শিক্ষামন্ত্রী এহসানুল হক মিলন। ছবি: সংগৃহীত

অভিভাবক ও শিক্ষার্থীদের মতামত এলে ২০২৭ সালের এসএসসি পরীক্ষার নির্ধারিত সময়সূচিতে আবারও পরিবর্তন আনা হতে পারে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আনাম এহসানুল হক মিলন।

মঙ্গলবার (২ জুন) সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ তথ্য জানান।

শিক্ষামন্ত্রী বলেন, দায়িত্ব গ্রহণের পর থেকেই পাবলিক পরীক্ষার দীর্ঘসূত্রতা কমাতে কাজ করছে সরকার। এ লক্ষ্যেই শিক্ষা মন্ত্রণালয় বিভিন্ন অংশীজনের সঙ্গে একাধিক বৈঠক করেছে। আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়া হয়, ২০২৭ সালের এসএসসি পরীক্ষা রমজানের আগেই আয়োজন করা হবে।

বর্তমান পরিকল্পনা অনুযায়ী, আগামী বছরের এসএসসি পরীক্ষা ৭ জানুয়ারি থেকে শুরু করা সম্ভবনা রয়েছে। তবে পরীক্ষা আগেভাগে আয়োজনের সিদ্ধান্ত নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে নানা আলোচনা ও মতামত দেখা দিয়েছে।

মন্ত্রী আরও জানান, নির্ধারিত সময়ের মধ্যেই শিক্ষার্থীদের সিলেবাস সম্পন্ন করা হবে এবং প্রস্তুতিতেও কোনো ঘাটতি থাকবে না। বিষয়টি সম্পর্কে প্রধানমন্ত্রীও অবগত রয়েছেন। তবে শিক্ষার্থী ও অভিভাবকদের পক্ষ থেকে যৌক্তিক মতামত এলে সময়সূচি পুনর্বিবেচনার সুযোগ রয়েছে বলেও জানান তিনি।